# আপনার যা কিছু জানা উচিত

ফেডারেল ও স্টেট আইন অনুযায়ী, পিতামাতার তাদের সন্তানদেরকে অর্থিক সহায়তা প্রদান করার আইনি দায়িত্ব রয়েছে।

শিশু সহায়তা আদেশ হলো আদালত নির্দেশকৃত ভাতা যা কোনো শিশু বৈধ প্রাপ্তবয়স্ক না হওয়া পর্যন্ত সন্তানের জীবনযাপন ও চিকিৎসা ব্যয়ে সহায়তা করার জন্য পিতামাতার মাধ্যমে প্রদান করা হয়।



## প্রশ্নসমূহ?
## অনুগ্রহপূর্বক আমাদের সাথে যোগাযোগ করুন:


ব্রুকলিন:
KICSU@law.nyc.gov

ব্রঙ্কস:
BICSU@law.nyc.gov

কুইন্স:
QICSU@law.nyc.gov

ম্যানহাটন:
MICSU@law.nyc.gov

স্ট্যাটেন আইল্যান্ড:
RICSU@law.nyc.gov


© দ্য সিটি অব নিউ ইয়র্ক, ফেব্রুয়ারি 2022



# পিতামাতাগণ নিউ ইয়র্ক স্টেটের বাইরে অবস্থানকালীন সময়ে শিশু সহায়তা পরিষেবাসমূহ

**নিউ ইয়র্ক সিটির আইন বিভাগের ইন্টারস্টেট শিশু সহায়তা ইউনিট কর্তৃক প্রস্তুতকৃত।**

## আমরা কারা

নিউ ইয়র্ক সিটির আইন বিভাগের পারিবারিক আদালত বিভাগ ইন্টারস্টেট শিশু সহায়তা ইউনিটের মাধ্যমে শিশু সহায়তা বিষয়ে স্থানীয় হেফাজতকারী পিতামাতাদের পরিষেবা প্রদান করে।

নিউ ইয়র্ক সিটির আইন বিভাগের ইন্টারস্টেট শিশু সহায়তা ইউনিটের কর্মীরা শিশু সহায়তা আদেশ পেতে বা প্রয়োগ করার জন্য ইন্টারস্টেট শিশু সহায়তার বিষয়গুলোতে হেফাজতকারী পিতামাতাদের সাহায্য করবে।

ইন্টারস্টেট শিশু সহায়তা ইউনিটের পাঁচটি বরোতে অফিস রয়েছে।







## আমরা কিভাবে সাহায্য করতে পারি

পিতৃত্ব ও শিশু সহায়তা আদেশসমূহের প্রতিষ্ঠা

বিদ্যমান শিশু সহায়তা আদেশসমূহের পরিবর্তন

বিদ্যমান শিশু সহায়তা আদেশসমূহের নিবন্ধন

বিদ্যমান শিশু সহায়তা আদেশসমূহের প্রয়োগ

## আইন বিভাগের কাছে একটি রেফারেল অনুরোধ করা

অন্যান্য স্টেট বা কাউন্টিগুলোতে দায়েরকৃত শিশু সহায়তা সংক্রান্ত বিষয়গুলোতে আমাদের অফিস নিউ ইয়র্ক সিটিতে হেফাজতকারী পিতামাতাগণকে সহায়তা প্রদান করে।

আমাদের অফিসে রেফারেল পেতে, হেফাজতকারী পিতামাতাগণকে অবশ্যই প্রথমে শিশু সহায়তা পরিষেবা অফিসে যোগাযোগ করতে হবে। শিশু সুরক্ষা পরিষেবা অফিসের যোগাযোগের তথ্য হলো: dcse.cseweb@dfa.state.ny.us

